

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৪৫

১/ বিবিধ

আরবী

كان لا يعود مريضا إلا بعد ثلاث
موضوع

أخرجه ابن ماجه (1 / 439) وأبو الشيخ في " الأخلاق " (255) وابن عساكر (16 /
226 / 2 / 19 / 131 / 1) من طريق مسلمة بن علي حدثنا ابن جريج عن حميد
الطويل عن أنس مرفوعا

قلت: ابن جريج مدلس وقد عنعنه، وهو إنما يدلس عن الضعفاء! ومسلمة متهم كما
سبق بيانه في الحديث (141) وهو آفة هذا الحديث فقال ابن أبي حاتم في " العلل " (2 /
315) : سألت أبي عن هذا الحديث فقال: هذا حديث باطل موضوع، قلت: ممن هو؟
قال: مسلمة ضعيف، وأقره الذهبي في " الميزان " ومع ذلك فقد
سود به السيوطي " جامعه "

وأخرجه البيهقي في " الشعب " وقال: إسناده غير قوي، وذكره الحافظ في " تهذيب
التهذيب " من منكرات مسلمة، وقد حاول بعضهم أن يشد من عضد الحديث بحديث
آخر بمعناه ولكنه لم ينجح لأنه موضوع كهذا

বাংলা

১৪৫। তিনি শুধুমাত্র তিন দিন পর রোগীর সেবা করতে (দেখতে) যেতেন।

হাদীসটি জাল।

এটি ইবনু মাজাহ (১/৪৩৯), আবূশ শাইখ “আল-আখলাক” গ্রন্থে (২৫৫) এবং ইবনু আসাকির (১৬/২২৬/২, ১৯/১৩১/১) মাসলামা ইবনু আলীর সূত্রে ... বর্ণনা করেছেন।

এ মাসলামা সম্পর্কে ১৪১ নং হাদীসে আলোচনা করা হয়েছে। তিনি মাতরুক, মিথ্যার দোষে দোষী, মুনকার এবং জাল হাদীস বর্ণনাকারী।

এছাড়া ইবনু যুরায়েজ মুদাল্লিস। তিনি দুর্বল বর্ণনাকারীদের থেকে তাদলীস করতেন।

ইবনু আবী হাতিম “আল-ইলাল” গ্রন্থে (২/৩১৫) বলেনঃ আমি আমার পিতাকে এ হাদীসটি সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম। তিনি উত্তরে বলেনঃ এটি একটি বাতিল, জাল হাদীস।

তার এ কথাকে যাহাবী “আল-মীযান” গ্রন্থে সমর্থন করেছেন। তা সত্ত্বেও সুয়ূতী এটি উল্লেখ করে "জামেউস সাগীর" গ্রন্থকে কালিমালিগু করেছেন।

হাফিয ইবনু হাজার “তাহযবুত তাহযীব” গ্রন্থে মাসলামার মুনকারগুলো উল্লেখ করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=5406>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন